

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল -জুন) ২০২২ প্রতিবেদন।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) ২০২২ গত ৩০ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভার কমিটি কর্তৃক যেসকল সিদ্ধান্ত গৃহীত হয় তা বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

বিগত মার্চ/২০২২ (৩য় ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|--------|---|--|----------------------|
| ১ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেনস চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। এ বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাস অন্তর এ বিভাগের সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে। | শতভাগ |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ০৮ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | শতভাগ |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি গত ২৯.০৩.২০২২ তারিখে ওয়েবসাইটে হালনাগাদ করা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শতভাগ |
| ৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত এপিএ লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে ২ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | শতভাগ. |
| ৫ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর বিপরীতে ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৭ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | শতভাগ |

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব

সদস্য সচিব

সিটিজেনস চার্টার কমিটি